গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

**বিষয় : ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মহাপরিচালক, উশিব্যু।
তারিখ : ০২/০২/২০২২ খ্রি:
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব, সিস্টেম এনালিস্ট, জনাব মুর্শিদা বেগম ২০২১-২০২২ সালের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
অতঃপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | (১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোদারকরণ | (১.১.১) একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | **'উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রে ICT বেজড পাঠ দান'** উদ্ভাবনী ধারণাটি মানিকগঞ্জ জেলায় বাস্তবায়নের জন্য গত ১২/১২/২০২১ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে। | উদ্ভাবনী ধারণাটি যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ উপ-পরিচালক (বাস্তবায়ন) |
| | | (১.২.১) একটি সেবা সহজিকৃত | 'কর্মকর্তা/কর্মচারীদের পদায়ন, বদলী পদোন্নতি' সংক্রান্ত সেবাটি সহজিকরণের লক্ষ্যে গত ০৪/০১/২০২২ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং সফটওয়্যার প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | প্রণীত সফটওয়্যারটি যথাসময়ে কার্যকর করার পদক্ষেপ নিতে হবে। | সিস্টেম এনালিস্ট/ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | (১.৩.১) ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | 'মৌলিক সাক্ষরতা প্রকল্পের লার্ণার প্রোফাইল সিস্টেম' সংক্রান্ত সেবাটি ডিজিটাইজেশন করার অফিস আদেশ জারী করা হয়। তারই প্রেক্ষিতে গত ০৪/১১/২০২১ তারিখে সেবাটি ডিজিটাইজ করণের পরর্বর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত ব্যুরোর অর্থ ও লজিস্টিক শাখায় ইউ.ও নোট প্রেরণ করা হয়। সভায় 'মৌলিক সাক্ষরতা প্রকল্পের লার্ণার প্রোফাইল সিস্টেম' এর পরিবর্তে **'এনএফই লার্ণারস প্রোফাইল সিস্টেম'** নামক সেবাটি ডিজিটাইজ করার বিষয়ে আলোচনা হয়। যাতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় বাস্তবায়িত সকল শিক্ষার্থীর তথ্য সংযোজন করা সম্ভব হয়। | 'মৌলিক সাক্ষরতা প্রকল্পের লার্ণারস প্রোফাইল সিস্টেম' এর পরিবর্তে **'এনএফই লার্ণারস প্রোফাইল সিস্টেম'** নামক সেবাটি ডিজিটাইজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম এনালিস্ট/ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | (১.৫.১) ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | গত ২৪/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় মহাপরিচালক মহোদয় কর্তৃক ই-নথির ব্যবহার বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়েছে। পরবর্তীতে জারীকৃত সকল পত্রই ই-নথিতে উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | সকল শাখা বাধ্যতামূলকভাবে ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ উপ-পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (সকল)/ লাইব্রেরিয়ান/স্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার/প্রশাসনিক কর্মকর্তা |
| | | (১.৬.১) সভা/ কর্মশালা আয়োজন | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে বছরে ৪টি অবহিতকরণ সভা/কর্মশালা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে, ইতোমধ্যে ২টি কর্মশালা (১১/১১/২০২১ ও ১৬/০১/২০২২ তারিখে) সম্পন্ন করা হয়েছে। ফেব্রুয়ারি - জুন ২০২২ এর মধ্যে আরো ২টি কর্মশালার আয়োজন করা প্রয়োজন। | ফেব্রুয়ারি ২০২২ এর শেষ দিকে ১টি এবং এপ্রিল ২০২২ মাসের মধ্যে ১টি মোট ২টি কর্মশালার আয়োজন করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার |
| ২ | (২) প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | (২.১.১) তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাদাগকৃত | প্রয়োজনীয়তার নিরিখে যথাসময়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর তথ্য বাতায়নের সকল সেবাবক্স হালনাগদ করা হয় এবং তা অব্যাহত আছে। | তথ্য বাতায়নের সকল সেবাবক্স হালনাগাদ করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার |
| | | (২.১.২) বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | যথাসময়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েব সাইটে বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করা হয়ে আসছে এবং তা অব্যাহত রাখা প্রয়োজন। | বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ হালনাগাদ রাখতে হবে। | সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার |
| | | (২.২.১) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | বছরে ৪টি প্রশিক্ষণের আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে, ইতোমধ্যে ১৩/১১/২০২১ এবং ২২/১২/২০২১ তারিখে ২টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ফেব্রুয়ারি - জুন ২০২২ এর মধ্যে আরো ২টি প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। | ফেব্রুয়ারি এবং এপ্রিল ২০২২ মাসের মধ্যে কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট ২টি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ইনোভেশন কমিটি (সকল সদস্য) |
| | | (২.২.২) ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ২০২১-২০২২ অর্থবছরে (৩২৫৭১০৫ কোডে) উদ্ভাবন খাতে ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ডিসেম্বর ২০২১ মাসের মধ্যে ৩৭% টাকা ব্যয় করা সম্ভব হয়েছে। যথাসময়ে নিয়মানুযায়ী সকল অর্থ ব্যয় নিশ্চিত করা প্রয়োজন। | স্বচ্ছতার সাথে শতভাগ অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | (২.২.৩) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | চলতি অর্থবছরে ৪টি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন করার নির্দেশনা থাকায় ইতোমধ্যে ২টি সভা করা হয়েছে। অবশিষ্ট ২টি সভা নির্ধারিত সময়ে শেষ করার ওপর গুরুত্ব আরোপ করা হয়। | মার্চ ২০২২ মাসের শেষ সপ্তাহে ১টি এবং জুন ২০২২ মাসের শেষ সপ্তাহে ১টি মোট ২টি সভা আয়োজন করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার |

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২ | | (২.২.৪) কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ০৫/০১/২০২২ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (প্রমাণকসহ)। | সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ সহকারী প্রোগ্রামার |
| | | (২.২.৫) দেশে/ বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | গত ২৭-২৯ ডিসেম্বর ২০২১ তারিখে মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার **চুনঘর সরকারি প্রাথমিক বিদ্যালয়** ও কুলাউড়া পৌরসভার **আমির ছলফু সরকারি প্রাথমিক বিদ্যালয়** কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা হয়েছে। মৌলভীবাজার জেলায় বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের মোট বাজেট ৩,১০,০০০/- টাকা থাকলেও মোট ব্যয় হয়েছে ২,৩৭,৬৫০/- (দুই লক্ষ সাইত্রিশ হাজার ছয় শত পঞ্চাশ) টাকা। চলতি অর্থবছরে মোট ৬,২০,০০০/- টাকা বরাদ্দ থাকায় অবশিষ্ট ৩,৮২,৩৫০/- টাকা ইনোভেশন কমিটির পরবর্তী উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনে ব্যয় করা যাবে মর্মে সভায় আলোচনা হয়। | উক্ত খাতের অব্যয়িত বাজেট অনুযায়ী পরবর্তীতে সুবিধাজনক সময়ে ইনোভেশন কমিটি কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন কমিটি (সকল সদস্য) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/০২/22

(মোঃ আতাউর রহমান)
মহাপরিচালক
ফোন: ২২২২৮৭৮৯৫

স্মারক নং- ৩৮.০০.০০০০.৩০৮.০৫.০৪৮.২১- ৬০

তারিখ : ২৩ মাঘ ১৪২৮
০৬ ফেব্রুয়ারি ২০২২

**বিতরণ :**

০১। উপ-পরিচালক (বাস্তবায়ন ও প্রশিক্ষণ/প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
০২। সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
০৩। লাইব্রেরিয়ান, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
০৪। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে :**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাগম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু, ঢাকা।
৪। সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু, ঢাকা।

০৬/০২/22

(মুর্শিদা বেগম)
সিস্টেম এনালিস্ট
ও
সদস্য সচিব
ইনোভেশন কমিটি